

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়  
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ  
dpe.mymensinghdiv.gov.bd



স্মারক নং : ৩৮.৪৫.০০০০.০০০.১৬.০৬৯.২০. ৩৭০


তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭  
২৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে বিভিন্ন তথ্য/রেজিস্টার হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভাগীয় প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর আওতাধীন সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে নিম্নবর্ণিত বিভিন্ন তথ্য/রেজিস্টার হালনাগাদকরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকায় ৬ (২৮/০২/২০২১ তারিখের মধ্যে) থেকে ১৫ বছর বয়সী শিশু জরিপ তথ্য হালফিল করতে হবে।
- ২। শিক্ষকগণের প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ের উপর ভিত্তি করে ক্লাস রুটিন (২৮/০২/২০২১ তারিখের মধ্যে) হালফিল করতে হবে।
- ৩। শিক্ষার্থী ভর্তি রেজিস্ট্রেশন ছাত্র-ছাত্রীর সকল তথ্যসহ E-primary School System এ আগামী ২৪/০২/২০২১ তারিখের মধ্যে হালফিল করতে হবে।
- ৪। ২৮/০২/২০২১ তারিখের মধ্যে শিক্ষক হাজিরা রেজিস্টার হালফিল করতে হবে।
- ৫। বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার ম্যাপ আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে।
- ৬। আগামী ২৮/০২/২০২১ তারিখের মধ্যে বিদ্যালয়ের স্থায়ী ও অস্থায়ী মালামাল রেজিস্টার হালফিল করতে হবে।
- ৭। সহকারী শিক্ষকের ACR প্রতিস্বাক্ষর করে ২৪/০২/২০২১ তারিখের মধ্যে উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে।
- ৮। কোভিড-১৯ এর কারণে কোন ছাত্র-ছাত্রী ভর্তি না হলে প্রকৃত তথ্য যাচাই করে তার তালিকা উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে।
- ৯। যে সকল ছাত্র-ছাত্রী বিদ্যালয় ত্যাগ করছে তারা অন্যত্র কোন বিদ্যালয়ে ভর্তি হয়েছে কিনা তার তথ্য ২৭/০২/২০২১ তারিখের মধ্যে ডিডি অফিসে প্রেরণ করতে হবে।
- ১০। প্রাক প্রাথমিক শ্রেণি এবং ১ম শ্রেণিতে নতুন ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র জন্ম নিবন্ধন সনদ হলেই চলবে কিন্তু ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির বেলায় নতুন ছাত্র-ছাত্রীর ক্ষেত্রে জন্ম নিবন্ধনের সাথে পূর্বের বিদ্যালয়ের ছাড়পত্রের প্রয়োজন হবে।
- ১১। কোন শিক্ষককে কোন এলাকায় বিশেষ কোন কাজের বা শ্রেণির দায়িত্ব দেওয়া হয়েছে তা লিখে বিদ্যালয়ে টাঙ্গিয়ে রাখতে হবে যেন পরিদর্শনকালে দেখতে পাওয়া যায়।
- ১২। যে সকল শিক্ষার্থীদের সাথে কোন ভাবেই যোগাযোগ সম্ভব হয়নি তাদের নামের তালিকা প্রেরণ করতে হবে।
- ১৩। "ঘরে বসে শিখি" বাংলাদেশ বেতারে পাঠদান কার্যক্রম শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করে তথ্য প্রেরণ করতে হবে।
- ১৪। শিক্ষার্থীদের বাসস্থানের অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন বর্ণিত সময়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাদের নিজ নিজ শিক্ষার্থীগণ যাতে বাসস্থানে অবস্থান করে নিজ নিজ পাঠ্যবই অধ্যয়ন করে সে বিষয়টি সংশ্লিষ্ট অভিভাবকের মাধ্যমে নিশ্চিত করবেন।

প্রধান শিক্ষক (সকল)  
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

  
(মো: আনোয়ার হোসেন)

বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ  
ময়মনসিংহ।  
০১১-৫১৭৭৬

ddpmymen@gmail.com

অনুলিপি:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ২। পরিচালক (প্রশাসন/পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ (বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ(বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।
- ৫। সংরক্ষণ নথি।